গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কুমারখালী, কুষ্টিয়া।
www.kumarkhali.kushtia.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-০৫.৪৪.৫০৭১.০০৮.০০.০৪২.১৮-৫৩৭

তারিখ ২৪ বৈশাখ, ১৪২৫ বঙ্গাব্দ
০৭ মে, ২০১৮ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসন-২ অধিশাখার ০৯ ডিসেম্বর, ২০১২ তারিখের স্মারক নং-৩৮.০০২.০১৫.০০.০০.০২৪.২০১০-১৪২৫ মাধ্যমে জারীকৃত নীতিমালা মোতাবেক কুমারখালী উপজেলার নিম্নবর্ণিত ১৪ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে, একজন করে দপ্তরী-কাম-প্রহরী পদে আউট সোর্সিং এর মাধ্যমে, সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে চুক্তিভিত্তিক, লোক নিয়োগ করা হবে।

বিদ্যালয়ের নাম :

| ক্রমিক নং | বিদ্যালয়ের নাম | ক্রমিক নং | বিদ্যালয়ের নাম |
|---|---|---|---|
| ১ | গড়িয়া সপ্রাবি | ৮ | মীরপুর সপ্রাবি |
| ২ | বাড়াদি সপ্রাবি | ৯ | পীতাম্বরবশী সপ্রাবি |
| ৩ | জগন্নাথপুর সপ্রাবি | ১০ | পান্টি বালিকা সপ্রাবি |
| ৪ | দয়রামপুর সপ্রাবি | ১১ | চকরঘুয়া সপ্রাবি |
| ৫ | গোপালপুর সপ্রাবি | ১২ | মীর মোশাররফ হোসেন সপ্রাবি |
| ৬ | শেখপাড়া সপ্রাবি | ১৩ | ডাঁশা সপ্রাবি |
| ৭ | গোবরা সপ্রাবি | ১৪ | পাথরবাড়ীয়া সপ্রাবি |

সেবামূল্যঃ নিয়োগ প্রাপ্তির পর সর্বসাকূল্যে মাসিক ১৪,৪৫০/- (চৌদ্দ হাজার চারশত পঞ্চাশ) টাকা সরকারী বিধি মোতাবেক প্রদেয়।

## ক) প্রার্থীর যোগ্যতাঃ

১। আবেদনকারীকে আবেদনকৃত বিদ্যালয়ের ক্যাচমেন্ট এলাকার স্থায়ী বাসিন্দা ও জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে।

২। ২১/৫/২০১৮ ইং তারিখে বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে,মুক্তিযোদ্ধা পোষ্যদের বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

৩। প্রার্থীকে কমপক্ষে অষ্টম শ্রেণি পাশ হতে হবে।

৪। আবেদনকারীকে নৈশ প্রহরীর উপযুক্ত, সাইকেল চালনায় পারদর্শী, সুঠাম দেহের অধিকারী ও পুরুষ হতে হবে।

## খ) আবেদনের নিয়মাবলীঃ

১। দরখাস্তে আবেদনকারীর নাম, পিতা ও মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, আবেদনপত্র জমাদানের শেষ তারিখে বয়স, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা এবং ধর্ম উল্লেখ করতে হবে।

২। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, ভোটার আইডি কার্ড/ জন্ম নিবন্ধনের ফটোকপি,শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি, নাগরিক সনদপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে। সংযুক্ত সকল কাগজপত্র নবম বা তদুর্দ্ধ গ্রেডের সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। সত্যয়নকারীর নামবিহীন সিল গ্রহণযোগ্য নয়।

৩। সভাপতি, দপ্তরী-কাম-প্রহরী বাছাই ও নিয়োগ কমিটি, কুমারখালী, কুষ্টিয়া বরাবর সম্বোধনকৃত আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আগামী ০৭/০৫/২০১৮ হতে ২১/০৫/২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সরাসরি/ডাকযোগে জমা দেয়া যাবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৪। আবেদনপত্রের সাথে সভাপতি, উপজেলা পর্যায়ে দপ্তরী কাম প্রহরী বাছাই ও নিয়োগ কমিটি,কুমারখালী,কুষ্টিয়া বরাবর,সোনালী ব্যাংক, কুমারখালী উপজেলা কমপ্লেক্স শাখার অনুকুলে ২০০/=টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট জমা দিতে হবে।

৫। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৬। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ /ডিএ দেওয়া হবে না।

০৭। প্রার্থীকে নিম্নবর্ণিত ফরমে স্ব-হস্তে আবেদন করতে হবে (ছক-সংযুক্ত)।

০৮। এসএমসি সভাপতি/প্রধান শিক্ষকের নিকট-আত্মীয় কেউ চাকুরী প্রার্থী হলে তিনি নিয়োগ কমিটিতে থাকতে পারবেন না। সেক্ষেত্রে কমিটির সিদ্ধান্ত মোতাবেক তার প্রতিনিধি নিয়োগ কমিটিতে থাকবেন।

০৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই অত্র নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন, পরিবর্তন, পরিমার্জন বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

09.0৫.2016

(মোঃ শাহীনুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
দপ্তরী-কাম-প্রহরী বাছাই ও নিয়োগ কমিটি
কুমারখালী, কুষ্টিয়া।

সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মাননীয় সংসদ সদস্য-৭৮, কুষ্টিয়া-৪ ।
২। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।
৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুষ্টিয়া।
৫। উপজেলা শিক্ষা অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।
৬। চেয়ারম্যান,....................................ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া (বিদ্যালয় ক্যাচমেন্ট এলাকায় অত্র নিয়োগ বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
৭। এস,এম,সি সভাপতি/ প্রধান শিক্ষক............................................................ সপ্রাবি, কুমারখালী, কুষ্টিয়া (বিদ্যালয় ক্যাচমেন্ট এলাকায় অত্র নিয়োগ বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
৮। অফিস কপি/নোটিশ বোর্ড।

বরাবর
সভাপতি
দপ্তরী-কাম-প্রহরী বাছাই ও নিয়োগ কমিটি, কুমারখালী, কুষ্টিয়া
ও
উপজেলা নির্বাহী অফিসার, কুমারখালী, কুষ্টিয়া

| |
|---|
| ৫x৫সে.মি.<br>ছবি<br>(সম্প্রতি তোলা, দুই কপি) |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নামঃ | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বরঃ | তারিখঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| ৩. | প্রার্থীর নামঃ | বাংলায়ঃ | | | | | | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বরঃ | | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বরঃ | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখঃ | | ৬. জন্মস্থান (জেলা): | | | | | | | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়সঃ | বছর | মাস | দিন | | | | | | | |
| ৮. | মাতার নামঃ | | | | | | | | | | |
| ৯. | পিতার নামঃ | | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানাঃ | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) ঃ | | |
| | গ্রাম/পাড়া/মহলল্লাঃ | | |
| | ইউনিয়ন/ওয়ার্ডঃ | | |
| | ডাকঘরঃ | | |
| | পোস্টকোড নম্বরঃ | | |
| | উপজেলাঃ | | |
| | জেলাঃ | | |
| ১১. | যোগাযোগঃ | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |

| | | | |
|---|---|---|---|
| ১২. | জাতীয়তাঃ | ১৩. | জেন্ডারঃ |
| ১৪. | ধর্মঃ | ১৫. | পেশাঃ |

১৬. শিক্ষাগত যোগ্যতা ঃ

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণী/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) ঃ | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ | | | |
| ১৯. | কোটা (টিক দিন ) ঃ | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | আন্যান্য (উলেল্লখ করুন): |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর ঃ | তারিখ ঃ দি ন মা স ব ৎ স র | | |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র | প্রার্থীর স্বাক্ষর |